# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

## বাংলা ( Bengali )

**তৃতীয় পত্র ( 3rd Paper : Prachin, Madhyayugio, Adhunik Kabita )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ অবলম্বনে চৈতন্যদেবের আবির্ভাবের কারণ বর্ণনা করুন এবং প্রাসঙ্গিকভাবে তাঁর স্বরূপ বুঝিয়ে দিন।

(খ) কাহিনি নির্মাণ ও গঠন-কৌশলের পরিপ্রেক্ষিতে কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যের সাহিত্যমূল্য বিচার করুন।

(গ) 'সোনার তরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রেম ও জীবন-পিপাসার পরিচয় দিন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(ঘ) আধুনিক কবিতা হিসেবে বুদ্ধদেব বসুর মূল্যায়ন করুন ও তাঁর 'শেষের রাত্রি' কবিতাটির মর্মবস্তু ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) চর্যাপদগুলি কেবল তান্ত্রিক বৌদ্ধধর্মের সাধন-সঙ্গীত নয়, তা একই সঙ্গে বঙ্গদেশের তৎকালীন সমাজজীবনের বিশ্বস্ত দলিলও বটে। — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন।

(খ) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কাব্যের রত্নসেন-পদ্মাবতীর বিবাহ অংশে যে সমাজচিত্র ফুটে উঠেছে উদাহরণসহ তার বর্ণনা করুন।

(গ) অভিসারের সংজ্ঞা নির্দেশ করে এই পদপর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিষয়ে উদাহরণ সহযোগে আলোচনা করুন।

(ঘ) নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন্ প্রেক্ষাপটে রচিত ? কবি এখানে যে হিন্দু ও ইসলামি পুরাণ-অনুষঙ্গের ব্যবহার করেছেন তা কবিতার ভাববস্তুকে কতটা সমৃদ্ধ করেছে দেখান।

(ঙ) সুধীন্দ্রনাথ দত্তের 'শাশ্বতী' কবিতায় বিগত প্রেমের স্মৃতি কতটা মূর্ত হয়ে উঠেছে তা প্রাসঙ্গিক আলোচনায় স্পষ্ট করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১৫০** শব্দে) ঃ

৭ × ৪ = ২৮

(ক) চর্যাগ্রন্থের নামকরণ বিষয়ে পণ্ডিতমহলে যে মতানৈক্য রয়েছে তার পরিচয় দিন।

(খ) আক্ষেপানুরাগ কাকে বলে ? এ পদের সর্বশ্রেষ্ঠ কবি কে ? তাঁর শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করুন।

(গ) চৈতন্যচরিতামৃত অনুসারে সখীতত্ত্বের পরিচয় দিন।

(ঘ) 'মেঘদূত' কবিতা অবলম্বনে কবি রবীন্দ্রনাথের বিরহ চেতনাটি পরিস্ফুট করুন।

(ঙ) উল্লিখিত পংক্তিগুলির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করুন :

পৃথিবীর শেষ সীমা যেইখানে, চারিদিকে খালি আকাশ ফাঁকা,
আকাশের মুখে ঘুরে ঘুরে যায় হাজার হাজার চাঁদের চাকা
যোজনের পর হাজার যোজন বিশাল আঁধারে পৃথিবী ঢাকা।
( তোমারই চুলের মতো ঘন কালো অন্ধকার; ... )
তবু চলে এসো; মোর হাতে হাত দাও তোমার —
কঙ্কা, শঙ্কা কোরো না।





(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন :

ভালোবেসে দেখিয়াছি মেয়েমানুষেরে
অবহেলা করে আমি দেখিয়াছি মেয়েমানুষেরে,
ঘৃণা করে করে দেখিয়াছি মেয়েমানুষেরে।

(ছ) বিষ্ণু দে'র 'জল দাও' কবিতার শব্দ-চিত্রকল্প-ছন্দ ব্যবহারের বিশিষ্টতাটি পরিস্ফুট করুন।